

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
গাংনী,মেহেরপুর।

স্মারক নং-৩২.০১.৫৭৪৭.০০০.১৮. ২৩.২০২৩.২৩৮.


তারিখঃ ০৪/০৯/২০২৩

প্রশিক্ষার্থী ভর্তির বিজ্ঞপ্তি

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, গাংনী,মেহেরপুর এর ২০২৩-২০২৪ অর্থ বছরে মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণার্থী ভর্তি করা হইবে। ভর্তি হইতে ইচ্ছুক প্রার্থীদের নিম্নলিখিত শর্তবলী পূরণ স্বাপেক্ষে আবেদন করিতে হইবে।

শর্তবলীঃ

- ১। প্রার্থীকে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, গাংনী,মেহেরপুরএর নির্দিষ্ট ফরমে আবেদন করিতে হইবে।
- ২। আবেদন ফরমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, গাংনী,মেহেরপুর হইতে সংগ্রহ করিতে হইবে।
- ৩। বিধাবা/তালাক পাণ্ড/স্বামী পরিত্যক্তা এবং অসহায় ও দুস্থ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
- ৪। গাংনী উপজেলা স্থায়ীভাবে বসবাসরত মহিলা হইতে হইবে।
- ৫। প্রার্থী কোন দলের বা সংস্থার সদস্য হইতে পারিবেন।
- ৬। যাহারা একবার প্রশিক্ষণ গ্রহণ করিয়াছেন তাহারা আবেদন করিতে পারিবেন না।
- ৭। প্রার্থীর বয়স ১৮ হইতে ৪০ বছর বয়স পর্যন্ত হইবে।
- ৮। স্কুলে অধ্যয়নরত ছাত্রী কোন অবস্থাতেই প্রশিক্ষণার্থী হিসাবে নেওয়া যাইবে না।
- ৯। আবেদন পত্রের সহিত সংশ্লিষ্ট পৌরসভা/ইউপি চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র জাতীয় পরিচয় পত্র দাখিল করিতে হইবে।
- ১০। যথাযথভাবে আবেদন পত্র পূরণ না করা হইলে তাহা বাতিল বলিয়া গণ্য হইবে।
- ১১। আবেদন পত্রের সহিত পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি, স্কুল সার্টিফিকেট ও জাতীয় পরিচয় পত্র সংযুক্ত করিতে হইবে।
- ১২। ঢাকা প্ধান কার্যালয়ের পরবর্তী নির্দেশনা মোতাবেক ভাতা প্রদান করা হইবে।
- ১৩। আবেদন পত্র জমা দেওয়ার সর্বশেষ তারিখ ২৪/০৯/২০২৩ এবং সাক্ষাৎকার গ্রহণের তারিখ ২৫/০৯/২৩ সকাল ১১.০০ ঘটিকার সময় উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়ে সাক্ষাৎকার গ্রহণ হইবে।


(মোছাঃ নাসিমা খাতুন)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
মহিলা বিষয়ক অধিদপ্তর
গাংনী,মেহেরপুর।

স্মারক নং-৩২.০১.৫৭৪৭.০০০.১৮. ২৩.২০২৩

তারিখঃ ০৪/০৯/২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, গাংনী,মেহেরপুর।
- ২। উপপরিচালক, উপপরিচালক কার্যালয়,মেহেরপুর।
- ৩। অফিস কপি।

(মোছাঃ নাসিমা খাতুন)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
মহিলা বিষয়ক অধিদপ্তর
গাংনী, মেহেরপুর।